

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.১১.০০১.১৬-২১৬৪

তারিখ: ২৪.০৬.২০১৯খ্রি.

আপনি অবহিত আছেন যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক/শিক্ষিকা পদে ১৩৭৫টি পদের বিপরীতে সরকারী কর্ম কমিশনে ২,৩৫,২৯৩ জন প্রার্থী আবেদন করেছেন। এই প্রার্থীদের ২০০ নম্বরের এম,সি কিউ. ধরনের লিখিত পরীক্ষা আগামী ০৬.০৯.২০১৯খ্রি. তারিখ শুক্রবার সকাল ১০.০০ টা হতে ১২.০০ টা পর্যন্ত শুধুমাত্র ঢাকা শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গ্রহণের বিষয়ে সরকারী কর্ম কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। পরীক্ষা গ্রহণের জন্য কমিশনের নিজস্ব কোনো হল না থাকায় এত বিপুল সংখ্যক প্রার্থীর পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে কর্ম কমিশনকে এ পরীক্ষা গ্রহণ করতে হয়। নিম্নবর্ণিত তারিখ ও সময়ে ঢাকা শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে;

তারিখ : ০৬.০৯.২০১৯খ্রি.
বার : শুক্রবার
সময় : সকাল ১০.০০ টা হতে ১২.০০ টা পর্যন্ত
প্রার্থী সংখ্যা : ২,৩৫,২৯৩ জন

উক্ত পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের ব্যাপারে সরকারী কর্ম কমিশন পূর্বের ন্যায় আমাদের সবার সহযোগিতা একান্তভাবে কামনা করেছেন। এজন্য আগামী ০৬.০৯.২০১৯ খ্রি. তারিখ শুক্রবার সকাল ১০.০০ টা হতে উক্ত পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহারের সম্মতি প্রদানসহ সকল প্রকার সহযোগিতা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হচ্ছে।



(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

ফোন ৯৫৫৩৫৪২

বিতরণ :

০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

০২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ঢাকা মহানগরীর সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদরাসা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। ড. মোহাম্মদ সাদিক, চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা।

০২। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।

০৪। সংরক্ষণ নথি।